

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৪৫টি প্রতিষ্ঠানকে ২.৭৪ লক্ষ টাকা জরিমানা

৮ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রংপুর, ব্রাহ্মণবাড়ীয়া, বগুড়া, শরীয়তপুর, পটুয়াখালী, ঝালকাঠি, খুলনা, নেত্রকোণা, ভোলা, সিরাজগঞ্জ ও চাঁপাইনবাবগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে নিউ আনার বেকারী ও ক্যাফে মাওলাকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা করে ৮০,০০০/- (আশি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে রংপুর বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক খন্দকার মোহাম্মদ নুরুল আমীনের নেতৃত্বে রংপুর সদর এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার সরাইল উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ৫১,০০০/- (একাত্তর হাজার) টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে বগুড়ার দুপচাচিয়া উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জাম্মাতুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালী সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির কেওড়া ইউনিয়ন এলাকায় ৫টি প্রতিষ্ঠানকে ৫,৯০০/- (পাঁচ হাজার নয়শত) টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনের আলমের নেতৃত্বে খুলনার ফুলতলা উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৫,৫০০/- (পনের হাজার পাঁচশত) টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণা সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নাজমুল হাসানের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা, সিরাজগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসানুজ্জামানের নেতৃত্বে সিরাজগঞ্জ সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৪,০০০/- (চার হাজার) টাকা এবং চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকাসহ মোট ১,৭১,৪০০/- (এক লক্ষ একাত্তর হাজার চারশত) টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Candle Light, ক্লাসিক শর্মা হাউজ, স্বপ্ন সুপার সপ, ঢাকাইয়া শর্মা হাউজ ও কিংস বার্গারকে যথাক্রমে ২,০০০/- (দুই হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকা এবং প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে আলিফ বিল্ডার্সকে ৪,০০০/- (চার হাজার) টাকাসহ মোট ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৬ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

আজকের ১২টি বাজার তদারকি ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৪৫টি প্রতিষ্ঠানকে মোট ২,৭৪,৪০০/- (দুই লক্ষ চুয়াত্তর হাজার চারশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ৬ জন অভিযোগকারীকে মং ৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, ক্যাব, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতির পরিচালক, কৃষি কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি ও স্যানিটোরী ইন্সপেক্টর এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, রংপুর, ব্রাহ্মণবাড়ীয়া, বগুড়া, শরীয়তপুর, পটুয়াখালী, ঝালকাঠি, খুলনা, নেত্রকোণা, ভোলা, সিরাজগঞ্জ ও চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, রংপুর, ব্রাহ্মণবাড়ীয়া, বগুড়া, শরীয়তপুর, পটুয়াখালী, ঝালকাঠি, খুলনা, নেত্রকোণা, ভোলা, সিরাজগঞ্জ ও চাঁপাইনবাবগঞ্জ।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।